১৬

দৈনিক বাংলা

তারিখ 01 FEB 1996
পৃষ্ঠা ১ কলাম ৬

# বইমেলাকে কেন্দ্র করে হীন চক্রান্তে দেশবাসী স্তম্ভিত ঃ ঢাকা ভার্সিটির ৪০ শিক্ষক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পক্ষ থেকে একুশের বইমেলাকে কেন্দ্র করে কতিপয় রাজনৈতিক দলের হীন চক্রান্তের তীব্র নিন্দা জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের ৪০ জন শিক্ষক বুধবার এক যুক্ত বিবৃতিতে বলেন, মহান ভাষা আন্দোলনের অন্যতম অবদান একুশের বইমেলা জাতীয় উৎসবে পরিণত হয়েছে। এই বইমেলার উদ্বোধনে বাধাদানের নেপথ্যে যে নীচ রাজনৈতিক অপকৌশল আজ মূর্ত হয়ে উঠেছে, তা গোটা দেশবাসীকে স্তম্ভিত করেছে। বস্তুত এ

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## বইমেলাকে কেন্দ্র করে হীন চক্রান্তে দেশবাসী স্তম্ভিত

(প্রথম পৃষ্ঠার পর)

ষড়যন্ত্র শুধু দেশের শিল্প-সাহিত্য-সংস্কৃতির বিরুদ্ধে পরিচালিত এক ঘৃণ্য তৎপরতা নয়, মহান একুশের চেতনার প্রতিও চরম অবমাননাকর আঘাত, স্বাধীনতা সার্বভৌমত্বের প্রতি এক সুস্পষ্ট হুমকি।

বিবৃতিতে শিক্ষকগণ বলেন, আমরা গভীর দুঃখ ও উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি একুশের সিড়ি বেয়ে অর্জিত আমাদের মহান স্বাধীনতাকে যারা গোড়া থেকেই বিরোধিতা করছে, এদেশে নিজস্ব শিল্প-সাহিত্য-সংস্কৃতির স্বকীয়তাকে যারা সবসময়েই কটাক্ষ করে আসছে তাদেরই আজ সুযোগ করে দেয়া হচ্ছে, এমন একটি অনভিপ্রেত কর্মসূচীর মাধ্যমে।

বিবৃতিতে তারা বলেন, আমরা আশা করব, দেশ ও জাতির আশা-আকাঙ্খার সঙ্গে সংগতি রেখে, মহান একুশের চেতনার প্রতি যথাযথ শ্রদ্ধা জানিয়ে, বইমেলার উদ্বোধন অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকল মহল এগিয়ে আসবেন।

বিবৃতিতে স্বাক্ষরদাতাদের মধ্যে রয়েছেনঃ অধ্যাপক মাহমুদ-উল আমীন, অধ্যাপক সিরাজুল ইসলাম খান, অধ্যাপক তাহমিনা আখতার, অধ্যাপক এ কে এম নজরুল ইসলাম, অধ্যাপক জেড এন তাহমিদা বেগম, অধ্যাপক আবু মোঃ রফিকুল আলম, অধ্যাপক আব্দুল কাদের, অধ্যাপক মুস্তাফিজুর রহমান, অধ্যাপক আবদুল আজিজ, ডঃ এ কে এম ওয়ারেসুল করিম, ডঃ মোজাম্মেল হক, ডঃ এ এস এম ইউসুফ হায়দার, ডঃ মোঃ আবুল বাশার, মোঃ নুরুল আমিন, খলিলুর রহমান, আবদুস সাত্তার, শফিকুর রহমান, ডঃ এম এরশাদুল বারী, ডঃ মুহম্মদ শাহজাহান মিয়া, ডঃ নজরুল ইসলাম, মোসলেহউদ্দীন আহমেদ (তারেক), অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান, মোঃ মিজানুর রহমান, ডঃ কাজী শরীফুল আলম, ডঃ মাহবুবুর রহমান, অধ্যাপক ডঃ খলিলুর রহমান, ডঃ জাহিদুল ইসলাম, ডঃ মোঃ আহাদ আলী, অধ্যাপক এ এইচ এম মাহবুবুর রহমান, মিসেস খালেদা বানু, অধ্যাপক এ কে এম সিরাজুল হক, তানিয়া রহমান, মোঃ লুৎফর রহমান, আবদুস সাত্তার, আফসার উদ্দীন আহমেদ, অধ্যাপক শাহজান মিনা, ডঃ আবদুল আউয়াল খান, বাবুল ফায়েজ প্রমুখ।